

২০২৪

দ্বিতীয় সেমিস্টার

বাংলা — সাম্মানিক

পত্র : SEC-2

(ব্যবহারিক বাংলা - ১)

পূর্ণমান - ৭৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) প্রাতিষ্ঠানিক পত্র কাকে বলে? প্রাতিষ্ঠানিক পত্রের বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ উল্লেখ করো। এই জাতীয় পত্রের সূচনায় 'বিষয়' উল্লেখ করতে হয় কেন? ৩+৯+৩

অথবা,

- (খ) আবৃত্তিচর্চার মূল সূত্রগুলি আলোচনা করো। কবিতা পাঠ ও আবৃত্তির মধ্যে পার্থক্য কী কী? ১০+৫

- ২। (ক) গ্রন্থ সমালোচনার মান্য পদ্ধতি সম্পর্কে ধারণা দাও। গ্রন্থ সমালোচনায় সমালোচকের ভূমিকা নির্দেশ করো। ১০+৫

অথবা,

- (খ) কনটেন্ট (Content) রচনা বলতে কী বোঝায়? বাজারে একটি নতুন মোবাইল আসতে চলেছে, কমবেশি পঞ্চাশ শব্দে নতুন পণ্যটি সম্পর্কে জনগণকে জানানোর জন্য একটি কনটেন্ট রচনা করো। ৫+১০

- ৩। (ক) অনুবাদ কাকে বলে? অনুবাদ কয় প্রকার ও কী কী? অনুবাদের সময় অনুবাদককে কোন কোন বিষয়ে যত্নশীল হতে হবে জানাও। ৩+২+১০

অথবা,

- (খ) বাংলায় অনুবাদ করো— ১৫

The villagers should have a very active communal life and never remain indifferent to each other's affairs, and to the doings of the whole community. The carrying out of that idea will be, at first, the task of a working-committee. That committee will give the right direction to the educational and economical affairs of the village. A few specialists in economics, education, agriculture, weaving and crafts, shall have to be members of that working committee. In exchange of a fee, proportionate to their labour the villagers would give the products of that labour to a village-store; those products would be collected there and sold. Each member of the farmer's community would receive around his house, a plot of 40 to 50 acres, for all his agricultural needs : plantations breedings, cattles etc.

Please Turn Over

- ৪। (ক) দিনপঞ্জি রচনার উদ্দেশ্য সংক্ষেপে লিপিবদ্ধ করো। ৫
- অথবা,
- (খ) আবৃত্তিতে আলো ও আবহসংগীত ব্যবহারের প্রয়োজনীয়তা আলোচনা করো। ৫
- ৫। (ক) টীকা লেখো— গ্রন্থ সমালোচনার গুরুত্ব। ৫
- অথবা,
- (খ) কনটেন্ট (Content) রচনার শুরুতে কোন কোন বিষয়ের উপর গুরুত্ব দিতে হয়? ৫
- ৬। (ক) অনুবাদের ভিতর দিয়ে সাহিত্যকর্মের জন্মান্তর ঘটে।— মন্তব্যটির যথার্থতা নির্ণয় করো। ৫
- অথবা,
- (খ) আক্ষরিক অনুবাদ কাকে বলে দৃষ্টান্তসহ ব্যাখ্যা করো। ৫
- ৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও— ১×১৫
- (ক) চিঠি বা পত্র কয়প্রকার ও কী কী?
- (খ) বাংলা সাহিত্যে একটি উল্লেখযোগ্য দিনপঞ্জি জাতীয় গ্রন্থের নামোল্লেখ করো।
- (গ) বাংলা বর্ণমালার এমন একটি ব্যঞ্জনবর্ণের উল্লেখ করো, বাংলা শব্দে যার ব্যবহার আছে, কিন্তু উচ্চারণ নেই।
- (ঘ) বাংলা পদের বা শব্দের আদি, মধ্য বা অন্তের বর্ণগুলির মধ্যে কোন বর্ণের সঙ্গে ‘ল’ ব্যঞ্জনযুক্ত হলে বর্ণটি দ্বিত্ব উচ্চারিত হয়, দৃষ্টান্তসহ লেখো।
- (ঙ) ‘উচ্ছৃঙ্খল’ শব্দটির সঠিক উচ্চারিত রূপটি লেখো।
- (চ) চলচ্চিত্র এবং আবৃত্তিচর্চা উভয়ক্ষেত্রে প্রতিষ্ঠিত এমন একজন ব্যক্তিত্বের নামোল্লেখ করো।
- (ছ) আবৃত্তি বিষয়ক একটি বাংলা গ্রন্থের নাম লেখো।
- (জ) গ্রন্থ সমালোচনা সাধারণত কয় প্রকারের হয় এবং কী কী?
- (ঝ) রবীন্দ্রনাথ অল্প বয়সে মধুসূদন দত্তের কাব্যগ্রন্থের সমালোচনা করেছিলেন, কাব্যটি কী?
- (ঞ) ‘অরুণ’ শব্দটির মান্য উচ্চারিত রূপটি লেখো।
- (ট) ‘The Waste Land’ গ্রন্থটির একজন বাঙালি অনুবাদকের নাম লেখো।
- (ঠ) ‘Translation’ শব্দটির মূল উৎস কী?
- (ড) “A poem cannot be translated, it can only be re-lived in a different atmosphere.”— উক্তিটি কার?
- (ঢ) ‘ছিন্নপত্র’— কার রচনা?
- (ণ) ‘ভ্রান্তিবিলাস’ কোন গ্রন্থের অনুসরণে লেখা?